

# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 11 April, 2025

সাভারে আবারও যাত্রীবাহী বাসে অস্ত্রের মুখে জিম্মি করে বাস যাত্রীদের মোবাইল ফোন, নগদ টাকা ও স্বর্ণালংকার লুটের ঘটনা ঘটেছে।

শুক্রবার দুপুরে ঢাকা-আরিচা মহাসড়কের ব্যাংকটাইন ব্রিজের উপরে সাভার পরিবহনের যাত্রীবাহী বাসে এই ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

প্রত্যক্ষদর্শী বাসযাত্রী জানান, আমি সাভার পরিবহনের একটি বাসে করে পরিবার নিয়ে ঢাকায় যাচ্ছিলাম। বাসটি ব্যাংক টাউন বাসস্ট্যাণ্ডে থামানো হলে তিনজন যুবক গাড়িতে ওঠে। পরে গাড়িটি ব্যাংকটাইন ব্রিজের উপর পৌঁছালে মহিলা যাত্রীদের অস্ত্রের মুখে জিম্মি করে তাদের সাথে থাকা মোবাইল ফোন, গলার চেইন, কানের দুলাসহ স্বর্ণালংকার ও নগদ টাকা ছিনিয়ে নিয়ে নেমে যায়।

তিনি আরও বলেন, ছিনতাইকারীরা আমার স্ত্রীর গলায় থাকা লক্ষাধিক টাকা মূল্যের লকেটসহ এক ভরি ওজনের সোনার চেইন নিয়ে গেছে। এ সময় অন্যান্য নারী যাত্রীদের কাছ থেকে একইভাবে নগদ টাকা স্বর্ণালংকার ও মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে গেছে। আমার কাছে মনে হচ্ছে বাসটির চালক এবং সহকারি ছিনতাইকারীদের সাথে জড়িত রয়েছে। তাদেরকে আইনের আওতায় আনা হলে ছিনতাই কারীদের তথ্য পাওয়া যেতে পারে।

সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুয়েল মিয়া বলেন, ছিনতাইকারীদের ধরতে আমাদের সার্বক্ষণিক টহল টিম রয়েছে। ঘটনার সময়ও গেন্ডা এলাকায় আমাদের সদস্যরা কাজ করছিলো। সাভার পরিবহনের বাসে ছিনতাই এর ঘটনাটি জানতে পেরেছি ছিনতাইকারীদের ধরতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে।

অস্ত্র জিম্মি স্বর্ণালংকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 06:49

URL: <https://timestodaybd.com/public/dhaka/617775807>